

# মুগ্ধিয়

## ঢাবিতে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলা

👤 ঢাবি প্রতিনিধি

⌚ ০৬ মে ২০২৩, ১৪:০১:০৬ | [অনলাইন সংক্ষরণ](#)



ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের কর্মীদের ওপর ছাত্রলীগের বিরুদ্ধে হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় দুই ছাত্রদল নেতা আহত হয়েছেন। তবে হামলার অভিযোগ অস্বীকার করে এটাকে ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল বলছে ছাত্রলীগ।

ছাত্রদলের নেতাকর্মীরা জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা উপলক্ষ্যে তারা নবীণ শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করতে ক্যাম্পাসে আসেন। তাদের কর্মসূচি শেষে চলে যাওয়ার সময় হাইকোর্ট মোড়ে ছাত্রলীগের নেতাকর্মীরা অতর্কিত হামলা চালায়। এতে দুজন গুরুতর আহত হয়েছেন।

আহতরা হলেন— সার্জেন্ট জহুরুল হক হলের যুগ্মসম্পাদক সাবিত্রি রহমান ও জাতির জনক বঙবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সাংগঠনিক সম্পাদক অনিক।

এ বিষয়ে ঢাবি ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম (সোহেল) যুগান্তরকে বলেন, আমরা বরাবরের মতোই নবীন শিক্ষার্থীদের ফুল ও কলম দিয়ে বরণ করে নিই। এবারও এরই ধারাবাহিকতায় ফুল দিয়ে ফেরার সময় হাইকোর্ট মোড়ে আমাদের ওপর অতর্কিত হামলা করে ছাত্রলীগ। এতে আমাদের দুই জন আহত হয়েছেন।

হামলার বিষয় জানতে চাইলে ঢাবি ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন বলেন, হামলার বিষয়ে আমি কিছুই জানি না। তবে শুনেছি ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দল।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023